# বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প করপোরেশন

চিনিশিল্প ভবন, ৩ দিলকুশা বা/এ, ঢাকা-১০০০
BANGLADESH SUGAR & FOOD INDUSTRIES CORPORATION
CHINISHILPA BHABAN, 3, DILKUSHA COMMERCIAL AREA, DHAKA-1000.
www.bsfic.gov.bd

তারিখ: ১৬ জ্যৈষ্ঠ ১৪২৬ / ৩০ মে ২০১৯

নম্বর : ৩৬.০৪.০০০০.০১১.২৭.০০১.১৮. ৮২৮

বিষয়: অভিযোগ নিষ্পত্তি সংক্রান্ত মাসিক প্রতিবেদন প্রেরণ।

সূত্র নম্বর- ৩৬.০০.০০০০.০৫১.২৭.০০৬.১৪.২০০ তারিখ ১৬-৬-২০১৪খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রের পরিপ্রেক্ষিতে বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প করপোরেশন'এর প্রতিবেদন নিম্নরূপভাবে প্রেরণ করা হলো:

## অভিযোগ প্রতিকার ব্যবস্থার (GRS) মাসিক প্রতিবেদন

দপ্তর/সংস্থার নাম : বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প করপোরেশন

মাসের নাম : মে ২০১৯

| বর্তমান মাসে প্রাপ্ত অভিযোগের সংখ্যা | | মোট (১+২) | পূর্বের জের | মোট অভিযোগ (৩+৪) | বিবেচ্য মাসে নিষ্পত্তিকৃত অভিযোগের সংখ্যা | নিষ্পত্তিকৃত অভিযোগের সংক্ষিপ্ত বিবরণ | অনিষ্পত্তিকৃত অভিযোগের সংখ্যা (৫-৬) | মন্তব্য (% সহ) |
|---|---|---|---|---|---|---|---|---|
| পত্র/দরখাস্ত যোগে | অনলাইনে | | | | | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| ০৩ | পাওয়া যায়নি | ০৩ | ০৪টি | ০৭টি | - | - | ০৭টি | অভিযোগ নিষ্পত্তির কার্যক্রম চলমান। |

সংযুক্তি: অনিষ্পত্তিকৃত অভিযোগসমূহের সংক্ষিপ্ত সার।

(মীর জহুরুল ইসলাম)
অতিরিক্ত সচিব
পরিচালক(অর্থ)
এবং
চেয়ারম্যান এর রুটিন দায়িত্বে
বিএসএফআইসি।

সচিব
শিল্প মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
৯১ মতিঝিল বা/এ
ঢাকা-১০০০।

দৃষ্টি আকর্ষণ: জনাব সালাহ্উদ্দিন মাহমুদ, অতিরিক্ত সচিব (জাস, সমন্বয় ও প্রওম)।

# বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প করপোরেশন

চিনিশিল্প ভবন, ৩ দিলকুশা বা/এ, ঢাকা-১০০০।

www.bsfic.gov.bd

বিষয়: অভিযোগসমূহের সংক্ষিপ্তসার। তারিখ: ২৯/০৫/২০১৯ খ্রিঃ

| ক্রমিক | অভিযোগের বিষয়বস্তু |
|---|---|
| ১ | রেণউইক, যজ্ঞেশ্বর এন্ড কোম্পানী (বিডি) লিঃ এ ২০১১-১২ অর্থ বছর হতে ০১/৫/২০১৩ তারিখ পর্যন্ত সময়ে সাবক পার্টিদের কার্যাদেশ ও পেমেন্টকরণে আর্থিক অনিয়ম সংঘটিত হওয়ায় তার আর্থিক পরিমাণ নির্ধারণসহ বিষয়টি সুষ্ঠু ও যথাযথভাবে নিষ্পত্তি তথা ন্যায় বিচারের স্বার্থে বিষয়টি তদন্তের জন্য ২৯/৫/২০১৩তারিখে তদন্ত কমিটি গঠন করা হয় তদন্ত কমিটি ১২/৬/২০১৩ তারিখে তদন্ত প্রতিবেদন পেশ করে। তদন্ত প্রতিবেদনের ভিত্তিতে দায়ী ৭(সাত)জন কর্মকর্তার নামে ০৪-৮-২০১৩ তারিখে অভিযোগনামা ও অভিযোগবিবরণী জারি করা হয়। অভিযুক্তদের জবাব ও ব্যক্তিগত শুনানি সন্তোষজনক না হওয়ায় বিষয়টি পুনরায় তদন্ত করার জন্য তদন্ত কমিটি গঠন করা হয়েছে। ১৮-৬-২০১৭ তারিখে তদন্ত কমিটি তদন্ত প্রতিবেদন দাখিল করে। বিএমআর অব ফরিদপুর সুগার মিলের তদন্ত কার্যক্রমের সাথে এ অভিযোগটি সম্পর্কিত বিধায় বিএমআর অব ফরিদপুর সুগার মিলের অভিযোগের নিষ্পত্তির সাথে আলোচ্য বিষয়টিও নিষ্পত্তি করা হবে। |
| ২ | ফরিদপুর সুগার মিলটি ২০১৩-১৪ আখ মাড়াই মৌসুমে চালু হওয়ার অব্যাবহিত পরপরই বন্ধ হয়ে যাওয়ার কারণ উদ্ঘাটন, ফরিদপুর চিনিকলের বিএমআর প্রকল্প বাস্তবায়নে কোন আর্থিক অনিয়ম সাধিত হয়েছে কিনা, হয়ে থাকলে তার আর্থিক পরিমাণ নির্ধারণসহ বিষয়টি সুষ্ঠু ও যথাযথভাবে নিষ্পত্তি তথা ন্যায় বিচারের স্বার্থে বিষয়টি তদন্তের জন্য ০৫/১২/২০১৩ তারিখে ৫ সদস্য বিশিষ্ট তদন্ত কমিটি গঠন করা হয়। তদন্ত প্রতিবেদনের ভিত্তিতে সংশ্লিষ্টদের বিরুদ্ধে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী জারি করা হয়। অভিযুক্তদের জবাব ও ব্যক্তিগত শুনানি সন্তোষজনক না হওয়ায় বিষয়টি পুনরায় তদন্ত করার জন্য ২৬/১১/১৪ তারিখে তদন্ত কমিটি গঠন করা হয়েছে। পরবর্তীতে ২০-৬-২০১৭ তারিখে সংশোধিত অফিস আদেশের মাধ্যমে তদন্ত কমিটির সদস্য পরিবর্তন করা হয়। ২০-৭-২০১৭ তারিখ তদন্ত কমিটি তদন্ত প্রতিবেদন দাখিল করে। তদন্ত কমিটির প্রতিবেদন স্বয়ংসম্পূর্ণ না হওয়ায় পুনরায় একটি তদন্ত কমিটি গঠন করা হয়েছে। কমিটি ১১-১২-২০১৮ তারিখে তদন্ত প্রতিবেদন দাখিল করেছে। কমিটির প্রতিবেদন ১২-১২-২০১৮ তারিখে করপোরেশনের বোর্ডে আলোচনার সিদ্ধান্ত গ্রহণের জন্য উপস্থাপন করা হয়। করপোরেশনের ২৩৯১তম বোর্ড সভায় আলোচ্য অভিযোগের সাথে জড়িত/দায়ি কর্মকর্তাগণের ওপর সর্বমোট ২,১৭,৮৯,৪৬৮/-(৪৮,৫০,২৫৬/-+১,৬৯,৩৯,২১২/-) টাকা আর্থিক দন্ড আরোপের সিদ্ধান্ত গ্রহণ করে। সে অনুযায়ী আলোচ্য অভিযোগের সাথে জড়িত/দায়ি কর্মকর্তাগণকে ০৩-০৩-২০১৯ তারিখে ৭ কর্মদিবস সময় দিয়ে ২য় কারণদর্শানোর নোটিশ প্রদান করা হয়েছে। অভিযুক্ত কর্মকর্তাগণ তাদের নোটিশের জবাব প্রদান করেন। বর্তমানে নথিটি উপস্থাপনের অপেক্ষায় রয়েছে। |
| ৩ | সেতাবগঞ্জ চিনিকলের ডিজেল তছরুপ/পাচার সংক্রান্ত বিষয়ে অভিযোগ উত্থাপিত হওয়ায় ১১-৫-২০১৬ তারিখে তিন সদস্য বিশিষ্ট একটি তদন্ত কমিটি গঠন করা হয়। তদন্ত কমিটির তদন্ত প্রতিবেদনের সুপারিশের ভিত্তিতে অভিযুক্তদের বিরুদ্ধে ১২-০৬-২০১৭ তারিখে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী জারি করা হয়। অভিযুক্ত কর্মকর্তাগণ তাদের জবাবে ব্যক্তিগত শুনানি প্রদানে আগ্রহ প্রকাশ করায় ০৩-১০-২০১৭ তারিখে শুনানি গ্রহণকারী কর্মকর্তা মনোনয়ন দেয়া হয়। শুনানি গ্রহণকারী কর্মকর্তাগণ ২৯-১০-২০১৭ তারিখে তাদের শুনানি গ্রহণ করে। বিষয়টি অধিকতর তদন্তের জন্য ২৭-১২-২০১৭ তারিখে তদন্ত কমিটি গঠন করা হয়েছে। কমিটি কর্তৃক তদন্ত প্রতিবেদন দাখিল করা হয়েছে। অভিযুক্তদের ২৬,৩৪,৪৩৪/-টাকা আর্থিক দন্ড প্রদান করে বিষয়টি নিষ্পত্তি করা হয়েছে। তবে মামলাটি নিষ্পত্তিকালে নতুনভাবে সংস্থার প্রধান (বিক্রয়) জনাব এস এম আবদুর রশিদ এর বিরুদ্ধে ১৪,৪৪০/-টাকা আদায় করার বিষয়ে অভিযোগনামা ও অভিযোগ বিবরনী জারি করা হয়েছে। অভিযুক্ত কর্মকর্তা শুনানি গ্রহণের নিমিত্ত ২৮-০১-২০১৯ তারিখে শুনানি গ্রহণকারী কর্মকর্তা/কর্তৃপক্ষ মনোনয়ন দেয়া হয়েছে। শুনানি গ্রহণকারী কর্মকর্তা/কর্তৃপক্ষ শুনানি গ্রহণ করে ১৩-০২-২০১৯ তারিখে শুনানি প্রতিবেদন দাখিল করে। বিষয়টি নিষ্পত্তির লক্ষ্যে কমিটি গঠনের জন্য নথিটি উপস্থাপন করা হয়েছে। |
| ৪ | "ঠাকুরগাঁও চিনিকলের পুরাতন যন্ত্রপাতি প্রতিস্থাপন এবং সুগার বিট থেকে চিনি উৎপাদনের প্রয়োজনীয় যন্ত্রপাতি সংযোজন (১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্পের প্রকল্প পরিচালক (বর্তমানে সাময়িকভাবে বরখাস্ত) জনাব এস এম আব্দুর রশীদ এর বিরুদ্ধে গুরুতর অভিযোগ উত্থাপিত হওয়ায় অফিস আদেশ নং ৩৬.০৪.০০০০.০১১.৪০.০০৩.১৮-৩৪৬ ২৫-০৩-২০১৯খ্রিঃ তারিখ মোতাবেক তাঁকে বিএসএফআইসি কর্মচারী চাকরি প্রবিধানমালা, ১৯৮৯ এর ৪৪(১) ধারানুযায়ী চাকরি থেকে সাময়িকভাবে বরখাস্ত করা হয়। পরবর্তীতে ২৭/০৩/২০১৯খ্রিঃ তারিখের ৩৬.০৪.০০০০.০১১.৪০.০০৩.১৮-৩৫৫ ও ৩৫৬ স্মারক মোতাবেক তার বিরুদ্ধে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী জারি করা হয়। এ অভিযোগের পরিপ্রেক্ষিতে তিনি ০২-০৪-২০১৯ তারিখে তাঁর জবাব প্রদান করেন। তাঁর জবাবে তিনি ব্যক্তিগত শুনানি প্রদানে আগ্রহ প্রকাশ করায় তাঁর শুনানি গ্রহণের নিমিত্ত সংস্থার পরিচালক (বাণিজ্যিক)কে শুনানি গ্রহণকারী কর্তৃপক্ষ/কর্মকর্তা মনোনয়ন দেয়া হয়েছে। ০৮-০৫-২০১৯ তারিখে তার ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়েছে। এখন পর্যন্ত শুনানির প্রতিবেদন পাওয়া যায়নি। |

Mlam

| ক্রমিক | অভিযোগের বিষয়বস্তু |
|---|---|
| ৫ | রেণউইক, যজ্ঞেশ্বর এন্ড কোং (বিডি) লিঃ এর শ্রমিক কর্মচারীর পক্ষে জনাব আব্দুল গণি এবং প্রাক্তন টার্ণার বর্তমানে কুষ্টিয়া সুগার মিলে কর্মরত জনাব মোঃ হাসান আলী কর্তৃক উক্ত মিলের ব্যবস্থাপক ((হিসাব) (হিসাব বিভাগের দায়িত্বে) জনাব খোন্দকার আলমগীর হোসেন, সহকারী ব্যবস্থাপক (হিসাব) জনাব পার্থ প্রতীম সাহা উজ্জ্বল এবং বিএসএফআইসি'র প্রাক্তন চেয়ারম্যান জনাব এ কে এম দেলোয়ার হোসেন এর বিরুদ্ধে দুর্নীতির মাধ্যমে শত শত কোটি টাকা আত্মসাত সংক্রান্ত বিষয়ে অভিযোগ উত্থাপিত হয়। এ অভিযোগের পরিপ্রেক্ষিতে সদর দপ্তরের ০৯/৪/২০১৯ তারিখের ৩৬.০৪.০০০০.০১১.১৮.০০৩.১৮-৪৬১ সংখ্যক অফিস আদেশ মোতাবেক ২জন কর্মকর্তার সমন্বয়ে একটি তদন্ত কমিটি গঠন করা হয়। তদন্ত কমিটি ১৬/৫/২০১৯ তারিখে তদন্ত প্রতিবেদন দাখিল করে। তদন্ত কমিটির সুপারিশ মতে ব্যবস্থাপক ((হিসাব) (হিসাব বিভাগের দায়িত্বে) জনাব খোন্দকার আলমগীর হোসেন(বর্তমানে একই পদে মোবারকগঞ্জ সুগার মিলস লিঃ এ কর্মরত) এবং সহকারী ব্যবস্থাপক (হিসাব) জনাব পার্থ প্রতীম সাহা উজ্জ্বল(বর্তমানে একই পদে নর্থবেঙ্গল সুগার মিলস লিঃ এ কর্মরত) এর বিরুদ্ধে ২৯-০৫-২০১৯তারিখে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী জারি করা হয়েছে। |
| ৬ | নর্থবেঙ্গল সুগার মিলস্ লিঃ এর ভারপ্রাপ্ত কেন্দ্র প্রধান জনাব খন্দকার শহীদুল ইসলাম কর্তৃক উক্ত মিলের ভাঃমহাব্যবস্থাপক(অর্থ) জনাব মোঃ সাইফুল্লাহ এর বিরুদ্ধে কর্মক্ষেত্রে নানাবিধ অনিয়ম, দুর্নীতি এবং অর্থ আত্মসাৎ এর অভিযোগ উত্থাপন করা হয়েছে। এ অভিযোগের পরিপ্রেক্ষিতে সদর দপ্তরের ২৯/০৪/২০১৯ তারিখের ৩৬.০৪.০০০০.০১১.৩৫.০১৬.১৮-৫৫১ সংখ্যক অফিস আদেশ মোতাবেক ২জন কর্মকর্তার সমন্বয়ে একটি তদন্ত কমিটি গঠন করা হয়েছে। বর্তমানে তদন্ত কার্যক্রম চলমান রয়েছে। |
| ৭ | পাবনা সুগার মিলের অফিসার্স অ্যাণ্ড এ্যামপ্লয়িজ প্রভিডেন্ট ফান্ডের অর্থ নিয়মবহির্ভূতভাবে উত্তোলন, আত্মসাৎ ও অনিয়মের বিষয়ে অভিযোগের পরিপ্রেক্ষিতে বিষয়টি তদন্তের জন্য ২২/৫/২০১৯ তারিখে ২ সদস্য বিশিষ্ট একটি তদন্ত কমিটি গঠন করা হয়। বর্তমানে তদন্ত কার্যক্রম চলমান রয়েছে। |

২৭/৫/১৯

(মোঃ সাইফুল আলম)
উপব্যবস্থাপক (সংস্থাপন)
এবং
শৃঙ্খলা ও তদন্ত সেল